



কার্যপত্র Worksheet



কার্যপত্রের সংজ্ঞা এবং উদ্দেশ্য (Defination & Objectives of Worksheet)

এই পাঠ শেষে আপনি

- কার্যপত্রের সংজ্ঞা এবং উদ্দেশ্য বলতে পারবেন।

কার্যপত্রের সংজ্ঞা (Defination of Worksheet) :

Kieso & Kimmel এর মতে worksheet is merely a device used to make it easier to prepare adjusting entries and the financial statements.

M. M Khan এর মতে The worksheet is a tool whice permits the adjusting and closing entries and the financial statement to be prepared informally before any part of this work is formalised.

ব্যবসায়ের আর্থিক ফলাফল বাহির করিবার জন্য রেওয়ামিলের ডেবিট ক্রেডিট কলামের পাশাপাশি সমন্বয়, লাভলোকসান হিসাব, উদ্বর্ত পত্র ইত্যাদির জন্য আরো কিছু কলাম পূর্ণ করিয়া যে দীর্ঘ ছকে চূড়ান্ত হিসাবের পরিকল্পনা আঁকা হয় তাহাকে কার্যপত্র বলে। অধ্যাপক শহীদুল ইসলাম এবং মোজাফফর আহম্মেদের মতে, চূড়ান্ত হিসাব প্রস্তুতের আগে শেষ পর্যায়ের প্রাপ্ত খবরাখবরকে বিভিন্ন সম্পত্তি, দায়, আয় ও ব্যয় হিসাবের সহিত যোগ বিয়োগ করিয়া খতিয়ানের বিভিন্ন খাতের আপাততঃ জের বাহির করিয়া চূড়ান্ত হিসাবের যে খসড়া করা হয় তাহারই জনপ্রিয় নাম কার্যপত্র বা ওয়ার্কশীট। এই ওয়ার্কশীটকে কোন মতেই চূড়ান্ত হিসাব বলা যায় না। এমন কি ইহা চূড়ান্ত হিসাবের কোন অংশও নয়। শুধু চূড়ান্ত হিসাব প্রস্তুতের সময় যাহাতে কোন ভুল না থাকে বা ভুল বশতঃ কোন তথ্য বাদ পড়িয়া না যায় তাহার জন্য হিসাবরক্ষকের সহায়ক একটি খসড়া কার্যপত্র মাত্র। ইহা সাধারণতঃ পেন্সিল দিয়াই করা হয় যাহাতে বিভিন্ন অঙ্ক যে কোন সময় মুছিয়া নতুন অঙ্ক লিখা যায়। কাজেই সব সময় মনে রাখিতে হইবে যে ওয়ার্কশীট চূড়ান্ত হিসাবের অংশ নহে। এমন কি চূড়ান্ত হিসাব করিবার সময় ওয়ার্কশীট করিতেই হইবে এমন কোন বাধা ধরা নিয়মও নাই।

কার্যপত্র প্রস্তুতের উদ্দেশ্য (Objectives of preparing Worksheet) : চূড়ান্ত হিসাব প্রণয়নের আগে ওয়ার্কশীট প্রস্তুতের উদ্দেশ্যকে নিম্নলিখিত ভাবে বর্ণনা করা যায় :-

১. সমন্বয় দাখিলা জাবেদাকরণ এবং খতিয়ানে স্থানান্তরের মাধ্যমে কার্যপত্র আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা করে।
২. কার্যপত্র আর্থিক বিবরণী হিসাব প্রকাশের কাজ ত্বরান্বিত করা এবং গাণিতিক ভুল পরিহার করা।
৩. হিসাববিজ্ঞানের মিলকরণনীতি অনুসরণের জন্য কার্যপত্র সহায়তা করে।
৪. কার্যপত্র তৈরীর মাধ্যমে কোন হিসাব বাদ পড়ার সুযোগ থাকে না।
৫. হিসাববিজ্ঞানের বেশ কয়েকটি বিবরণীর ফলাফল এক নজরে দেখা যায়।
৬. চূড়ান্ত হিসাব প্রস্তুতে কোন তথ্য বাদ পড়ার সুযোগ থাকে না।
৭. কার্যপত্র স্বয়ংক্রিয়ভাবে হিসাবের ভুলত্রুটি কমায়।



কার্যপত্রের ছক (Form of Worksheet)

এই পাঠ শেষে আপনি

* কার্যপত্রের ছক সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন।

কার্যপত্র (Worksheet) এর ছক : ওয়ার্কশীট যেহেতু হিসাব রক্ষকের নিজস্ব কর্মপদ্ধতি সেই হিসাব ইহা হিসাব রক্ষকের কাছে বিভিন্ন রকম হইতে পারে। তবে ইহার উদ্দেশ্যের সহিত সম্পর্ক রাখিয়া বিভিন্ন দৃষ্টিকোণ হইতে বিচার করিয়া যে ছক আন্তর্জাতিকভাবে প্রচলিত তাহা হইল রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট কলামের পাশাপাশি সমন্বয়, ক্রয় বিক্রয় হিসাব, উৎপাদন হিসাব, লাভ লোকসান হিসাব, উদ্বৃত্তপত্র ইত্যাদি প্রতিটির জন্য একজোড়া করিয়া কলাম রাখিয়া রেওয়ামিল ও সমন্বয় উভূত হিসাবখাতকে বিভিন্ন কলামে স্থানান্তর করিয়া লাভ লোকসান, সম্পত্তি ও দায়ের খসড়া অবস্থান দেখানো। ১০ ঘরা কার্যপত্রের একটি নমুনা নিচে দেখানো হইয়াছে।

Bushra Company

Work Sheet as on.....

| Sl. No | Particulars | Current Trial Balance | | Adjustment | | Adjusted Trial Balance | | Income Statement | | Balance Sheet | |
|-----------|-------------|-----------------------|-----|------------|-----|------------------------|-----|------------------|-----|---------------|------|
| ক্রমিক নং | বিবরণ | চলতি রেওয়ামিল | | সমন্বয় | | সমন্বিত রেওয়ামিল | | আয় বিবরণী হিসাব | | উদ্বৃত্তপত্র | |
| | | Dr. | Cr. | Dr. | Cr. | Dr. | Cr. | Dr. | Cr. | Assets | Liab |
| | | | | | | | | | | | |

উক্ত কার্যপত্র ছকের বিভিন্ন ঘরের ব্যবহার নিচে সংক্ষেপে বর্ণনা করা হইল :

ক. ক্রমিক নম্বর (Serial No.) : হিসাব তালিকা হইতে যেই সব হিসাব এখানে আনা হয় তাহার একটি ক্রমিক নম্বর এই ঘরে বসানো হয় যাহাতে যে কোন সময় উক্ত ক্রমিক নম্বরের সাহায্যে যে কোন হিসাবকে নির্ণয় করা যায়। ইহা নির্দেশিকা হিসাবে কাজ করে।

খ. বিবরণ (Particulars) : এই ঘরে বিভিন্ন হিসাবের নাম যেমন, নগদ, যন্ত্রপাতি, মজুরী ইত্যাদি লিখা হইয়া থাকে।

গ. চলতি রেওয়ামিল (Current Trial Balance) : যে রেওয়ামিল হইতে কার্যপত্র প্রস্তুত হয় সেই রেওয়ামিল এর ডেবিট এবং ক্রেডিট জের, বিবরণ ঘরের হিসাব খাত অনুযায়ী ছবছ এখানে বসানো হয়। এই রেওয়ামিলই কার্যপত্র তৈয়ার করিবার প্রধান উৎস।

ঘ. সমন্বয় (Adjustment) : চলতি রেওয়ামিলের পরে যেইসব সমন্বয় জাবেদা দাখিলা প্রস্তুত করা হয় তাহা বিভিন্ন হিসাব জেরের সহিত যোগ বিয়োগ করিবার জন্য এই দুইটি ঘর রাখা হয়।

ঙ. সমন্বিত রেওয়ামিল (Adjusted Trial Balance) : এই দুই ঘরে চলতি রেওয়ামিলের জের এর সহিত সমন্বয় ঘরের বিভিন্ন সমন্বয়ের অংক যোগ বিয়োগ করিবার পর যে চূড়ান্ত জের দাড়ায় তাহা ডেবিট ও ক্রেডিট অনুযায়ী লিখা হয়। ইহাই চূড়ান্ত রেওয়ামিল যাহা হইতে লাভ লোকসান হিসাব ও স্থিতিপত্র প্রস্তুত করা হয়। অনেক সময় সমন্বিত রেওয়ামিল ছাড়াও চলতি রেওয়ামিল ও সমন্বয় যোগ বিয়োগ করিয় সরাসরি লাভ লোকসান হিসাব ও স্থিতিপত্র প্রস্তুত করা হয়।

চ. লাভ লোকসান হিসাব (Profit & Loss Account) : সমন্বিত রেওয়ামিলের যেই সব হিসাব জের আয়-ব্যয় সম্পর্কীয় তাহা ডেবিট ও ক্রেডিট অনুযায়ী এখানে বসানো হয়। এই দুই ঘরের নীট জেরই লাভ বা লোকসান।

ছ. স্থিতিপত্র (Balance Sheet) : সমন্বিত রেওয়ামিলে যেইসব দায় ও সম্পত্তি হিসাবের জের আছে তাহা সরাসরি এখানে সম্পত্তি ও দায় পক্ষে স্থানান্তরিত করিয়া লাভ লোকসান হিসাবের যে নীট জের থাকে তাহা লইয়া স্থিতিপত্র প্রস্তুত করা হয়। এই স্থিতিপত্রের দুই ঘরের যোগফল মিলিয়া যাইবে।



কার্যপত্র প্রস্তুতকরণ
(Preparation of Worksheet)

From the following Trial Balance and supplementary information of Mum Traders, prepare a 10 column worksheet.

Mum Traders
Trial Balance as on 31st Dec. 2005

| Particulars | Dr. | Cr. |
|---|------------------|------------------|
| Cash | 4,500 | |
| Bank | 1,00,000 | |
| Unexpired Insurance | 1,500 | |
| Office Equipment | 25,000 | |
| Accumulated Depreciation (Office equipment) | | 2,500 |
| Office Vehicle | 2,50,000 | |
| Accumulated Depreciation (Office Vehicle) | | 50,000 |
| Accounts Receivables | 2,41,000 | |
| Accounts Payable | | 25,000 |
| Capital | | 5,00,000 |
| Drawing | 55,600 | |
| Shilpa Bank Loan | | 3,23,000 |
| Sales Returns | 10,500 | |
| Purchases | 4,40,000 | |
| Freight inward | 5,500 | |
| Inventory (1.1.90) | 2,50,000 | |
| Purchases returns | | 8,500 |
| Salary expenses | 55,000 | |
| Office Rent | 22,000 | |
| Advertising expenses | 10,500 | |
| Vehicle runing & repairs | 36,000 | |
| Uniform & Liveries | 5,000 | |
| Office supplies expenses | 11,500 | |
| Miscellaneous expenses | 600 | |
| Sales | | 6,15,200 |
| | <u>15,24,200</u> | <u>15,24,200</u> |

Supplementary data :

1. Inventory of Merchandise goods as on 31st December 1990, Valued at Tk. 2,90,500.
2. Insurance expenses for the year Tk. 400.
3. Outstanding rent for December 1990, Tk. 2,000.
4. Interest Income accrued on Bank balance Tk. 5,600.
5. Office supplies in hand on 31st December Tk. 1,500.
6. Provision for Bad debt estimated at 5% on Accounts Receivables.
7. Depreciation on Motor Vehicle & Office equipment @ 15% and 10% respectively.

(সংকলিত : Advance Accounting by Mozaffar Ahmed FCMA, Shahidul Alam ACMA.)

mgvavb t

**Mum Traders
Worksheet
December 31st, 2005**

| Sl. No | Account | Trial Balance | | Adjustment | | Adjusted TB | | Trading and P. & L. | | Balance Sheet | |
|--------|---|------------------|------------------|-----------------|-----------------|----------------|----------------|---------------------|-----------------|----------------|----------------|
| | | Debit | Credit | Debit | Credit | Debit | Credit | Debit | Credit | Asset | Liab |
| 1. | Cash | 4,500 | | | | 4,500 | | | | 4,500 | |
| 2. | Bank | 1,00,000 | | | | 1,00,000 | | | | 1,00,000 | |
| 3. | Unexpired Insurance | 1,500 | | | (3) 400 | 1,100 | | | | 1,100 | |
| 4. | Office Equipment | 25,000 | | | | 25,000 | | | | 25,000 | |
| 5. | Accumulated Depreciation Office Equipment | | 2,500 | | (8) 2,500 | | 5,000 | | | | 5,000 |
| 6. | Office Vehicles | 2,50,000 | | | | 2,50,000 | | | | 2,50,000 | |
| 7. | Accum Dep. Vehicles | | 50,000 | | (7) 37500 | | 87,500 | | | | 87,500 |
| 8. | Accounts Payable | | 25,000 | | | | 25,000 | | | | 25,000 |
| 9. | Accounts Receivables | 2,41,000 | | | | 2,41,000 | | | | 2,41,000 | |
| 10. | Capital | | 5,00,000 | | | | 5,00,000 | | | | 5,00,000 |
| 11. | Drawing | 55,600 | | | | 55,600 | | | | 55,600 | |
| 12. | Shilpa Bank Loan | | 3,23,000 | | | | 3,23,000 | | | | 3,23,000 |
| 13. | Sales | | 6,15,200 | | | | 6,15,200 | | 6,15,200 | | |
| 14. | Sales Return | 10,500 | | | | 10,500 | | 10,500 | | | |
| 15. | Purchases | 4,40,000 | | | | 4,40,000 | | 4,40,000 | | | |
| 16. | Freight inward | 5,500 | | (1) | (2) | 5,500 | | 5,500 | | | |
| 17. | Inventory (1.1.90) | 2,50,000 | | 2,90,500 | 2,50,000 | 2,90,000 | | | | 2,90,000 | |
| 18. | Purchase return | | 8,500 | | | | 8,500 | | 8,500 | | |
| 19. | Salary expense | 55,000 | | | | 55,000 | | 55,000 | | | |
| 20. | Office Rent | 22,000 | | (4) 2,000 | | 24,000 | | 24,000 | | | |
| 21. | Advertising expenses | 10,500 | | | | 10,500 | | 10,500 | | | |
| 22. | Vehicle runing | 36,000 | | | | 36,000 | | 36,000 | | | |
| 23. | Uniform & Liveries | 5,000 | | | | 5,000 | | 5,000 | | | |
| 24. | Office Supplies expenses | 11,500 | | | (6) 1,500 | 10,000 | | 10,000 | | | |
| 25. | Miscellaneous | 600 | | | | 600 | | 600 | | | |
| | | <u>15,24,200</u> | <u>15,24,200</u> | | | | | | | | |
| 26. | Trading/Profit & Loss Account | | | 2,50,000 | 2,90,500 | 2,50,000 | 2,90,500 | 2,50,000 | 2,90,500 | | |
| 27. | Insurance expenses | | | (3) 400 | | 400 | | 400 | | | |
| 28. | Office Rent Payable | | | | (4) 2,000 | | 2,000 | | | | 2,000 |
| 29. | Interest Receivable | | | (5) 5,600 | | 5,600 | | | | 5,600 | |
| 30. | Interest Income | | | | (5) 5,600 | | 5,600 | | 5,600 | | |
| 31. | Office Supplies | | | (6) 1,500 | | 1,500 | | | | 1,500 | |
| 32. | Bad-debts | | | (7) 12,050 | | 12,050 | | 12,050 | | | |
| 33. | Provision for bad debts | | | | (7) 12,050 | | 12,050 | | | | 12,050 |
| 34. | Dep. Motor Vehicles | | | 37,500 | | 37,500 | | 37,500 | | | |
| 35. | Dep. Office Equipment | | | (8) 2,500 | | 2,500 | | 2,500 | | | |
| | | | | <u>6,02,050</u> | <u>6,02,050</u> | <u>1874350</u> | <u>1874350</u> | | | | |
| | | | | | | | | <u>20,250</u> | | | <u>20,250</u> |
| 36. | Net Profit for the year | | | | | | | <u>9,19,800</u> | <u>9,19,800</u> | <u>974,800</u> | <u>974,800</u> |

১. প্রশ্নের প্রয়োজনানুসারে দশঘরা কার্যপত্রের একটি ছক প্রথমে আঁকা হল। এখানে ১০ ঘরা অর্থ হইল পাঁচ জোড়া ডেবিট ক্রেডিট ঘর। ক্রমিক নম্বর ও বিবরণ এই হিসাবে ধরা হয় না। প্রশ্নে যে রেওয়ামিল দেওয়া আছে তাহার বিবরণ চলতি রেওয়ামিল ঘরে বসানো হইল। কার্যপত্র ছক আঁকিবার সময় চলতি রেওয়ামিলের পরেও নীচে কিছু জায়গা রাখা একান্ত দরকার। কারণ সমন্বয় জাবেদা দাখিরা পাশ করিবার সময় নুতন নুতন হিসাবখাত যোগ হইতে পারে যা প্রদত্ত রেওয়ামিলে নাই।

২. প্রদত্ত রেওয়ামিল ছকে বসাইবার পর যে সব অতিরিক্ত তথ্য দেওয়া আছে তাহাদের সমন্বয় নিজে আলোচনা করা হইলঃ

ক. মজুতমাল (Inventory) : ইহা সমাপনী মজুতমাল। কাজেই জাবেদা দাখিলায় ইহাকে হিসাবে ধরিতে হইবে। জাবেদা দাখিলায় মজুতমাল ডেবিট ও ক্রয় বিক্রয়/লাভলোকসান হিসাবকে ক্রেডিট করতে হয়। সেই ভাবে ছকের সমন্বয় ঘরের ডেবিট ঘরে ক্রমিক নম্বর ১৬ তে যে মজুতমাল হিসাব আছে তাহার পাশাপাশি লিখা হইয়াছে। কিন্তু ক্রেডিট কলাম পূরণ করিবার জন্য ক্রমিক নম্বরে প্রদত্ত রেওয়ামিলের কোন ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাব নাই। কাজেই ক্রমিক নম্বর ২৬ এ সেই নতুন হিসাব ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাব খুলিয়া তাহার পাশাপাশি সমন্বয় ঘরের ক্রেডিট কলামে একই অংক লিখা হইয়াছে। এই দুই ডেবিট ক্রেডিটের পাশে একটি ক্রমিক নম্বর ১ দেওয়া হইয়াছে যাহাতে পরবর্তী পর্যায়ে প্রয়োজনে একটির সহিত অন্যটি নিরীক্ষা করিয়া দেখা যায়। এই মজুতমালের সমন্বয় দাখিলা পাশ করিবার পর প্রারম্ভিক মজুতমালের জন্যও দাখিলা পাশ করিতে হয় যাহাতে ইহা সম্পত্তি হিসাবে গণ্য না হইয়া মুনাফা জাতীয় খরচ হিসাবে ক্রয়-বিক্রয় ও লাভ লোকসান হিসাবভুক্ত হয়। তাই ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাবকে ডেবিট করিয়া মজুতমাল হিসাবকে ক্রেডিট করা হইয়াছে।

খ. বীমা খরচ (Insurance expenses) : রেওয়ামিলে Unexpired insurance ১,৫০০টাকা দেখানো আছে। উক্ত অনিঃশেষ (Unexpired) বীমা হইতে ৪০০ টাকা এই বছরের বীমা খরচ হিসাবে গণ্য হইবে। সুতরাং বীমা খরচ (Insurance expenses) কে ডেবিট করিয়া অনিঃশেষ বীমা (Unexpired insurance)কে ক্রেডিট করা হইয়াছে। প্রদত্ত রেওয়ামিলে Insurance expenses খাত না থাকায় নুতনভাবে ২৭ ক্রমিক নম্বর খুলিয়া সমন্বয় কলামে ইহার পাশাপাশি ৪০০ টাকা ডেবিট করা হইয়াছে এবং ক্রমিক নম্বর ৩ এ Unexpired insurance কে সমন্বয় ঘরে ক্রেডিট করা হইয়াছে।

গ. প্রদেয় অফিস ভাড়া (Outstanding office rent) : প্রদেয় ভাড়ার জাবেদা দাখিলা হইল অফিস ভাড়া ডেবিট ও প্রদেয় অফিস ভাড়া ক্রেডিট। সেই হিসাবে ক্রমিক নম্বর ২০কে অফিস ভাড়া নামে সমন্বয় কলামে ডেবিট করা হইয়াছে। কিন্তু প্রদত্ত রেওয়ামিলে প্রদেয় অফিস ভাড়া নামে কোন হিসাব খাত না থাকায় ক্রমিক নম্বর ২৮ এ নুতনভাবে হিসাব খাত খুলিয়া সমন্বয় কলামে ক্রেডিট করা হইয়াছে।

ঘ. প্রাপ্য সুদ (Interest Receivable) : এই সমন্বয় হইতে উদ্ধৃত কোন হিসাব খাতই প্রদত্ত রেওয়ামিলে নাই। তাই ২৯ ও ৩০ ক্রমিক নম্বরে প্রাপ্য সুদ ও সুদ আয় নামে দুইটি নতুন হিসাব খাত যোগ করিয়া সমন্বয় কলামে ডেবিট ও ক্রেডিট করা হইয়াছে।

ঙ. অফিস সরবরাহ (Office Supplies) : অফিস সরবরাহের মজুত মাল এর জন্য অফিস সরবরাহকে ডেবিট করিয়া অফিস সরবরাহ খরচকে ক্রেডিট করা হইয়াছে (যেহেতু সমস্ত ক্রয়কে অফিস সরবরাহ খরচ নামে ডেবিট করা হইয়াছিল)। কিন্তু অফিস সরবরাহ হিসাব প্রদত্ত রেওয়ামিলে না থাকায় ৩১ নম্বরে নুতন হিসাব খাত খোলা হইয়াছে এবং সমন্বয় কলামে ২৪ নম্বর ও ৩১ নম্বরের পাশাপাশি ক্রেডিট ও ডেবিট করা হইয়াছে।

চ. কু-ঋণ সঞ্চিতি (Provision for Doubtful debts) : এই সমন্বয় হইতে উদ্ভূত হিসাব খাত যথা কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি প্রদত্ত রেওয়ামিলে না থাকায় ৩২ ও ৩৩ নম্বরে দুই হিসাব খাত খুলিয়া সমন্বয় কলামে ডেবিট ও ক্রেডিট করা হইয়াছে।

ছ. অবচয় (Depreciation) : অবচয়ের জন্য প্রয়োজনীয় হিসাবখাত না থাকায় ৩৪ ও ৩৫ নম্বরে মোটরগাড়ীর অবচয় ও অফিস উপকরণের খরচ খাত খুলিয়া সমন্বয় কলামে ডেবিট করা হইয়াছে এবং ৫ ও ৭ নম্বরে ক্রেডিট করা হইয়াছে।

৩. সমস্ত সমন্বয়যোগ্য তথ্য সমন্বয় কলামে বসাইবার পর ইহার মোট ডেবিট ও মোট ক্রেডিট বাহির করিয়া দুই কলাম বন্ধ করা হয়। সমন্বয় কলামের মোট ডেবিট ও মোট ক্রেডিট সমান হইবে। কারণ সব সমন্বয়ই সমান অংকে ডেবিট ও ক্রেডিট করা হইয়াছে।

৪. সমন্বয় কলামের ডেবিট ও ক্রেডিট যোগ মিলিয়া গেলে ইহার পরবর্তী পর্যায়ে সমন্বিত রেওয়ামিল কলামের বিভিন্ন ঘর পূর্ণ করা হয়। অসমন্বিত রেওয়ামিলের হিসাব খাতের সহিত সমন্বয় কলামের ডেবিট ও ক্রেডিট যোগ বিয়োগ করিয়া পাশাপাশি সমন্বিত রেওয়ামিলে বসানো হয়। যেমন নগদান হিসাবে কোন সমন্বয় নাই তাই উহা সরাসরি সমন্বিত রেওয়ামিলে বসানো হইয়াছে। আবার Unexpired Insurance খাতে চলতি রেওয়ামিলে ১,৫০০ টাকা ডেবিট আছে। তাহা হইতে সমন্বয় কলামের ক্রেডিট পক্ষের ৪০০ টাকা বাদ দিয়া নীট ১,১০০ টাকা সমন্বিত রেওয়ামিলে বসানো হইয়াছে। এই ভাবে ১ হইতে ৩৫ পর্যন্ত সব হিসাব খাতে চলতি রেওয়ামিল ও সমন্বয় কলাম যোগ বিয়োগ করিয়া সমন্বিত রেওয়ামিল প্রস্তুত করা হয়। ইহাই চূড়ান্ত রেওয়ামিল।

৫. সমন্বিত রেওয়ামিল প্রস্তুত করিবার পর ইহার সমস্ত হিসাব খাতকে ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাব অথবা স্থিতিপত্র কলামে ডেবিট ও ক্রেডিট হিসাব বসাইতে হয়। এই কাজ ক্রমিক নম্বর অনুসারে ১ নম্বর হইতে শুরু করিয়া শেষ নম্বর পর্যন্ত এক এক করিয়া সাবধানতার সহিত করা হয় যাহাতে কোন হিসাব খাত বাদ না পড়ে।

৬. এইবার ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাবের মোট ডেবিট ও ক্রেডিট বাহির করিয়া দুই কলামের জের যথাযথভাবে লিখিয়া দুই কলামের মোট অংক সমান করা হয়। এই দুই কলামের মধ্যে যদি ক্রেডিট বেশী হয় তাহা হইলে জেরকে ডেবিট কলামে লিখা হয় এবং ইহাই নীট লাভ। আর যদি মোট ডেবিট বেশী হয় তাহা হইলে তাহা ক্রেডিট কলামে লিখা হয় এবং তাহাই নীট লোকসান। হিসাবখাত কলামে নীট লাভ বা লোকসান লিখিয়া তাহারও একটি ক্রমিক নম্বর দেওয়া হয় এবং তাহা লাভলোকসান হিসাবের পাশাপাশি স্থিতিপত্রে স্থানান্তর করা হয়।

৭. এইবার স্থিতিপত্রের মোট সম্পত্তি ও দায় যোগ করিলে দেখা যাইবে যে দুই পক্ষের মোট অংক সমান হইয়াছে।

উদাহরণ : ২

Trial Balance taken from the ledger of Shejan Ltd. On 31st December 2005 is as follows :

Shejan Ltd
Trial Balance
31st December 2005

| Sl | Title of Accounts | Ref. | Debit | Credit |
|-----|-----------------------------------|------|-----------------|-----------------|
| 1. | Capital | | | 1,90,000 |
| 2. | Building | | 60,000 | |
| 3. | Accounts Receivable | | 56,000 | |
| 4. | Advertising | | 4,000 | |
| 5. | Cash | | 20,800 | |
| 6. | Freight in | | 3,000 | |
| 7. | Insurance | | 1,200 | |
| 8. | Accounts Payable | | | 40,000 |
| 9. | Accumulated Depreciation Building | | | 16,500 |
| 10. | Allowance for Doubtful Accounts | | | 1,150 |
| 11. | Interest Expenses | | 2,200 | |
| 12. | Inventory (1-2005) | | 54,000 | |
| 13. | Land | | 65,500 | |
| 14. | Office expenses | | 13,400 | |
| 15. | Purchase | | 1,15,400 | |
| 16. | Purchase discount | | | 950 |
| 17. | Sales | | | 2,05,000 |
| 18. | Sales Return | | 7,300 | |
| 19. | Selling expenses | | 41,200 | |
| 20. | Interest Income | | | 550 |
| 21. | Rent, Rates & Taxes | | 6,650 | |
| 22. | Supplies | | 3,500 | |
| | | | <u>4,54,150</u> | <u>4,54,150</u> |

Adjustments:

- a. Inventory on hand as Tk. 50,000
- b. Allowance for doubtful accounts increased by Tk. 1,350
- c. Depreciation of building @ 3% p.a.
- d. Accrued selling expenses are Tk. 200
- e. There are supplies of Tk. 650 on hand
- f. Accrued Rent, Rates & Taxes is Tk. 750.

Required :

Prepare a 10-Column worksheet.

সমাধান:

Adjustments:

| | | |
|--|-------|-------|
| a. Income summary/Inventory consumed A/C | 4,000 | |
| Inventory A/C | | 4,000 |
| b. Bad debts expenses | 1,350 | |
| Allowance for doubtful Accounts | | 1,350 |
| c. Depreciation expenses | 1,800 | |
| Accumulated depreciation | | 1,800 |
| d. Selling expenses | 200 | |
| Selling expenses payable | | 200 |
| e. Supplies expenses | 2,850 | |
| Supplies payable | | 2,850 |
| f. Rent, Rates & Taxes expenses | 750 | |
| Rent, Rates & Taxes payable | | 750 |

mgvavb t

Shejan Ltd.
Worksheet
31st December, 2005

| Sl. No | Account | Trial Balance | | Adjustment | | Adjusted Trial | | Income Statements | | Balance Sheet | |
|--------|---------------------------------------|---------------|---------------|--------------|--------------|----------------|----------------|-------------------|---------------|---------------|---------------|
| | | Dr. | Cr. | Dr. | Cr. | Dr. | Cr. | Dr. | Cr. | Dr. | Cr. |
| 1. | Capital | | 190000 | | | | 190000 | | | | 190000 |
| 2. | Building | 60000 | | | | 60000 | | | | 60000 | |
| 3. | Accounts Receivable | 56000 | | | | 56000 | | | | 56000 | |
| 4. | Advertising | 4000 | | | | 4000 | | 4000 | | | |
| 5. | Cash | 208000 | | | | 208000 | | | | 208000 | |
| 6. | Freight in | 3000 | | | | 3000 | | 3000 | | | |
| 7. | Insurance | 1200 | | | | 1200 | | 1200 | | | |
| 8. | Accunts payable | | 40000 | | | | 40000 | | | | 40000 |
| 9. | Accumulated depreciation for Building | | 16500 | | (c) 1800 | | 18300 | | | | 18300 |
| 10. | Allownace for duoubtful Accounts | | 1150 | | (b) 1350 | | 2500 | | | | 2500 |
| 11. | Interest expenses | 2200 | | | | 2200 | | 2200 | | | |
| 12. | Inventory | 54000 | | | (a) 4000 | 50000 | | | | 50000 | |
| 13. | Land | 65500 | | | | 65500 | | | | 65500 | |
| 14. | Office expenses | 13400 | | | | 13400 | | 12400 | | | |
| 15. | Purchase | 115400 | | | | 115400 | | 115400 | | | |
| 16. | Purchase discount | | 850 | | | | 950 | | 950 | | |
| 17. | Sales | | 205000 | | | | 205000 | | 205000 | | |
| 18. | Sales Return | 7300 | | | | 7300 | | 7300 | | | |
| 19. | Selling expenses | 41200 | | (d) 200 | | 41400 | | 41400 | | | |
| 20. | Interest income | | 550 | | | | 550 | | 550 | | |
| 21. | Resnt, Rates & Taxes | 6650 | | (f) 750 | | 7400 | | 7400 | | | |
| 22. | Supplies | 3500 | | | (e) 2850 | 650 | | | | 650 | |
| | | <u>454150</u> | <u>454150</u> | | | | | | | | |
| 23. | Income summary (inventory consumed) | | | (a) 4000 | | 4000 | | 4000 | | | |
| 24. | Bad debts expenses | | | (b) 1350 | | 1350 | | 1350 | | | |
| 25. | Depreciation expenses | | | (c) 1800 | | 1800 | | 1800 | | | |
| 36. | Selling expenses payable | | | | (d) 200 | | 200 | | | | 200 |
| 37. | Supplies expenses | | | (e) 2850 | | 2850 | | 2850 | | | |
| 38. | Rent, Rates & Taxes payable | | | | 750 | | 750 | | | | 750 |
| | | | | <u>10950</u> | <u>10950</u> | <u>458250</u> | <u>4580250</u> | | | | |
| 39. | Net Profit | | | | | | | 1200 | | | 1200 |
| | | | | | | | | <u>206500</u> | <u>206500</u> | <u>252950</u> | <u>252950</u> |

মূল্যায়ন

১. কার্যপত্র কি? কার্যপত্র তৈরির উদ্দেশ্যগুলো কি কি? (What is worksheet? What are the objectives for preparing worksheet?)
২. কার্যপত্র তৈরির নমুনা ছক দেখান। (Show the form of worksheet).
৩. At the end of its first month of operation, Metro Answering Service has the following unadjusted trial balance

Merto Answering Service

Trial balance

For the month ended August 31, 2005

| Particulars | Debit (Tk) | Credit (Tk) |
|--------------------------|------------|-------------|
| Cash | 5,400 | |
| Accounts Receivable | 2,800 | |
| Supplies | 1,300 | |
| Prepaid insurance | 2,400 | |
| Equipment | 60,000 | |
| Notes payable | | 40,000 |
| Accounts payable | | 1,000 |
| Unearned Service revenue | | 1,400 |
| Metro, Capital | | 30,000 |
| Metro, Drawing | 1000 | |
| Service revenue | | 4,900 |
| Salaries expense | 3,200 | |
| Utilities expenses | 800 | |
| Advertising expenses | 400 | |
| Total | 77,300 | 77,300 |

Other data:

- i) There are 1,000 Supplies on hand at August 31,
- ii) Monthly Depreciation on equipment is Tk. 500
- iii) Interest accrued on notes payable Tk. 500 during August 31
- iv) Insurance expires at the rate of Tk. 200 per month
- v) Unearned service revenue was earned Tk. 1000

Required:

- a) Give the adjusting entries
- b) Enter the trial balance on a work sheet and complete the work sheet.

4. At the end of its first month of operation, Stevenson Service has the following unadjusted trial balance:

Stevenson Answering Service

Trial balance

For the month ended August 31, 2005

| Particulars | Debit (Tk) | Credit (Tk) |
|----------------------|------------|-------------|
| Cash | 10400 | |
| Accounts Receivable | 2800 | |
| Inventory | 4300 | |
| Prepaid insurance | 2400 | |
| Building | 60000 | |
| Notes payable | | 40000 |
| Accounts payable | | 7400 |
| Watson, Capital | | 35000 |
| Watson, Drawing | 6000 | |
| Sales revenue | | 7900 |
| Salaries expense | 3200 | |
| Telephone expenses | 800 | |
| Advertising expenses | 400 | |
| Total | 90300 | 90300 |

Other data:

- i) There are 1,000 inventory on the hand at December 31, 2005
- ii) Yearly Depreciation on Building is Tk. 500
- iii) Interest accrued on notes payable Tk. 500 during the year.
- iv) Insurance expires at the rate of Tk. 200 per year.

Required:

- a) Give the adjusting entries.
- b) Enter the trial balance on a work sheet and complete the work sheet.

5. The following Trial balance is taken from Mr. Shahid & Co. Ltd. on 31st December 2005.:

**Mr. Shahid
Trial Balance
31st December 2005**

| Sl | Title of Accounts | Ref. | Debit | Credit |
|-------|------------------------------|------|-----------------|-----------------|
| 1. | Capital | | | 60000 |
| 2. | Accounts Receivable | | 20000 | |
| 3. | Accounts payable | | | 10000 |
| 4. | Inventory (1-2005) | | 15000 | |
| 5. | Cash in hand | | 5000 | |
| 6. | Purchases | | 25000 | |
| 7. | Cash at bank | | 10000 | |
| 8. | Machinery | | 10000 | |
| 9. | Furniture | | 15000 | |
| 10. | Rent expenses | | 2000 | |
| 11. | Investment | | 10000 | |
| 12. | Sales revenue | | | 50000 |
| 13. | Loan | | | 20000 |
| 14. | Wages | | 6000 | |
| 15. | Salaries | | 10000 | |
| 16. | Interest on investment | | | 300 |
| 17. | Bad debts | | 2000 | |
| 18. | Allowance for doubtful debts | | | 500 |
| 19. | Drawings | | 10000 | |
| 20. | Electricity expenses | | 1300 | |
| 21. | Purchase return | | | 2000 |
| 22. | Sales return | | 3000 | |
| 23. | Commission paid | | 2000 | |
| 24. | Commission received | | | 3000 |
| 25. | Stationary expenses | | 500 | |
| 26. | General reserve | | | 1000 |
| Total | | | <u>1,46,800</u> | <u>1,46,800</u> |

Adjustments:

- a. Inventory on hand Tk. 10,700
- b. Accrued salaries Tk. 500
- c. Rent paid in advance Tk. 200
- d. Depreciation of furniture @ 5%

Required :

Prepare a worksheet.

6. The following unadjusted, Trial balance is obtained from Mr. Matin Trader's on 31st December 2005

Mr. Matin
Trial Balance
31st December 2005

| Sl | Title of Accounts | Ref. | Debit | Credit |
|-------|----------------------|------|-----------------|-----------------|
| 1. | Inventory (1-1-2005) | | 15700 | |
| 2. | Capital | | | 28,500 |
| 3. | Purchases | | 45450 | |
| 4. | Sales | | | 75,380 |
| 5. | Purchase return | | | 450 |
| 6. | Sales return | | 1380 | |
| 7. | Wages | | 2400 | |
| 8. | Freight in | | 800 | |
| 9. | Salaries | | 1500 | |
| 10. | Rent | | 800 | |
| 11. | Advertising expenses | | 750 | |
| 12. | Travelling expenses | | 1150 | |
| 13. | Commisson paid | | 800 | |
| 14. | Commission received | | | 450 |
| 15. | Accounts payable | | | 1500 |
| 16. | Accounts receivable | | 22500 | |
| 17. | Furniture | | 2000 | |
| 18. | Cash in hand | | 1550 | |
| 19. | Cash at bank | | 9500 | |
| Total | | | <u>1,06,280</u> | <u>1,06,280</u> |

Adjustments:

- a. Inventory on hand Tk. 10,000
- b. Accrued salaries Tk. 1,000
- c. Depreciation of furniture @ 10%

Required :

Prepare a 10-Column Worksheet.